

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.brd.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-৭২৫০

তারিখ: ১৪/১২/২০২০ খ্রি:

বিষয়: বিআরডিবি'র গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এর মাধ্যমে গ্রাম অঞ্চলে বসবাসকারী মানুষের চাহিদার ভিত্তিতে গ্রাম, পাড়া বা মহল্লার রাস্তা, কালভার্ট, ইউড্রেন ও সাকৌ ইত্যাদি নির্মাণ, আর্সেনিকমুক্ত খাবার পানির নলকূপ স্থাপন, স্কুল-কলেজের মাঠে মাটি ভরাটকরণ এবং স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরিসহ নানা ধরনের ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ ও সংস্কার স্কীম বাস্তবায়ন করে থাকে। এ সকল স্কীম ক্ষুদ্র হলেও গ্রামীণ জনগণের নিত্যদিনের চাহিদার সাথে ব্যাপকভাবে সম্পৃক্ত। পল্লীর জনগোষ্ঠী, স্থানীয় সরকার হিসেবে ইউনিয়ন পরিষদ এবং বিআরডিবি যৌথভাবে এ সকল ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন করে থাকে। স্কীম বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ সর্বোচ্চ ১.০০ (এক) লক্ষ টাকা। এ স্বল্প পরিমাণ বাজেট বরাদ্দ দিয়ে ক্ষুদ্র স্কীমসমূহ বাস্তবায়ন করতে হলে বর্তমান পদ্ধতিতে স্কীম অনুমোদন পর্যায়ে বেশ কিছু ধাপ অতিক্রম ও দীর্ঘ সময় ব্যয় করতে হয়। এমতাবস্থায় ক্ষুদ্র অবকাঠামো স্কীমসমূহ আরো সফলভাবে বাস্তবায়ন করার জন্য পল্লী ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন প্রক্রিয়া সংক্রান্ত সেবাটি সহজিকরণ ও বিআরডিবি'র মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়:

ক) স্কীম আবেদন ফরম প্রবর্তন ও সেমতে অনুসরণ;

খ) আবেদন অনুমোদনের জন্য সভার কার্যবিবরণী ফরম প্রবর্তন ও অনুসরণ;

গ) সেবাটি অধিকতর সহজিকরণের স্বার্থে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সভাপতিত্বে ইউসিসিএম অনুষ্ঠানের পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের অনুপস্থিতিতে প্যানেল চেয়ারম্যান এর সভাপতিত্বে ইউসিসিএম অনুষ্ঠান করা যাবে;

ঘ) ইউনিয়ন পরিষদ সচিব কর্তৃক রেজিষ্টার চালু;

ঙ) প্রতি মাসের নির্দিষ্ট তারিখ ও সময়ে ভিডিওসিএম (গ্রাম উন্নয়ন কমিটির সভা) অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করতে হবে। তাই কোন নোটিশ প্রদান করা হবে না। সামাজিক যোগাযোগেই যথেষ্ট হবে;

চ) পূর্বে নির্ধারিত ফরমেটে স্কীমের তালিকাসহ সভার কার্যবিবরণী সভার দিনই স্বাক্ষরিত হবে;

ছ) গ্রাম উন্নয়ন কমিটি সভার অনুরূপ ইউসিসিএম (ইউনিয়ন সমন্বয় কমিটির সভা) অনুষ্ঠিত ও কার্যবিবরণী স্বাক্ষরিত হবে;


জ) এক্ষেত্রে ভিডিওসিএম এবং ইউসিসিএম এর জন্য সভার নোটিশ প্রদান করতে হবে না।

ঝ) স্কীম অনুমোদনের ক্ষেত্রে কিছু ধাপ কমিয়ে জনবলের সম্পৃক্ততা কমানো হয়েছে যা সেবা সহজিকরণের ম্যানুয়াল এ বিস্তারিত উল্লেখ রয়েছে;

ঞ) সব শেষে স্কীম অনুমোদনের পত্র জারি ও সংশ্লিষ্ট দপ্তরকে চেক হস্তান্তরের মাধ্যমে এ সেবার কার্যক্রম সমাপ্ত হবে।

৩। উপরোক্ত প্রক্রিয়া অনুসরণ করা হলে বিআরডিবি'র আওতাধীন পল্লী ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীমের সুবিধাভোগীগণ আরো দ্রুত ও সহজে সেবা পেতে সক্ষম হবে। সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিআরডিবি'র গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ স্কীম অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ সংক্রান্ত বুকলেট।



সুপ্রিয় কুমার কুন্দু

মহাপরিচালক (গ্রেড-১)

বিআরডিবি, ঢাকা।

ফোন- ৮১৮০০০২

e-mail: dg@brdb.gov.bd

বিতরণঃ

- ১। পরিচালক (সকল) বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪। উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি, ঢাকা।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নের সংশ্লিষ্ট সেবাবক্সে হালনাগাদের জন্য)।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।